**প্রশ্নঃ ভিক্টোরীয় যুগের অন্যতম শ্রেষ্ঠ ঔপন্যাসিক টমাস হার্ডি—আলোচনা কর।**

**উত্তরঃ ➢** উনিশ শতকের চল্লিশের দশক থেকে বিশ শতকের কুড়ির দশকের শেষ প্রান্ত ছোঁয়া দীর্ঘায়ু যে ঔপন্যাসিক-কবি ভিক্টোরীয় যুগের ধরাবাঁধা অন্ধ আনুগত্যের ভিতর নতুন আধুনিক জীবন জিজ্ঞাসার সূত্রপাত করেন, তিনি কেবল ভিক্টোরীয় যুগ নয়, ইংরেজি উপন্যাস সাহিত্যের অন্যতম স্রষ্টা টমাস হার্ডি (১৮৪০-১৯২৮)। তাঁর রচনার প্রধান বৈশিষ্ট্য নিবিড় প্রকৃতি-চেতনা, যে প্রকৃতি 'রেড ইন টুথ অ্যান্ড ক্ল' (red in tooth and claw)। তাঁর সাহিত্যের দ্বিতীয় বৈশিষ্ট্য অন্ধ নিয়তিবাদ, তৃতীয় বৈশিষ্ট্য প্রবল নৈরাশ্যবাদ এবং চতুর্থ বৈশিষ্ট্য নীতিবাগিশ ভিক্টোরীয় যুগের অনুশাসনকে অস্বীকার। এগুলি এই লেখকের আধুনিক রচনার উপাদান, যার ফলে তিনি ভিক্টোরীয় যুগে যতটা নিন্দিত, তার চেয়ে অনেক কম নন্দিত। আর এই কারণেই এই লেখক ১৮৯৫-এ প্রকাশিত তার শেষ উপন্যাসের পর আর উপন্যাস রচনায় হাত দেননি। বিশ শতকের আঙিনায় প্রবেশ করে তিনি কেবল কবিতাই রচনা করে গেছেন। উল্লেখযোগ্য যে এইসব কবিতার মধ্যেও পূর্বে উল্লেখিত তাঁর জীবনদর্শন প্রবল ভাবে না হলেও অনেক স্পষ্টভাবে প্রকাশিত।

হার্ডির প্রথম উপন্যাস 'ডেসপারেট রেমেডিজ' (Desperate remedies 1871) এর পর দীর্ঘ ২৪ বছর ধরে তিনি ক্লান্তিহীনভাবে যে উপন্যাসগুলি রচনা করেন, তাদের মধ্যে উল্লেখযোগ্য 'ফার ফ্রম দি ম্যাডিং ক্রাউড' (Far from the madding crowd), 'দি রিটার্ণ অব দি নেটিভ' (The return of the Native), 'দি মেয়র অব কাস্টারব্রিজ' (The Mayor of the Casterbridge), 'টেস অব্ দি দুরবার ভিলস্' (Tess of the D'urvervilles) এবং জুড দি অবস্‌কিওর (Jude the obscure) । এটাই তাঁর শেষ উপন্যাস। এরপর তিনি তার উপন্যাস রচনায় হাত দেননি, কেবল কবিতা রচনাই করে গেছেন।

এক দরিদ্র-সাধারণ ঘরে জন্ম নেওয়া এই সাহিত্যিক কেবলমাত্র আর্থিক অনটনের জন্য উচ্চতর শিক্ষালাভে বঞ্চিত। নিজের এবং নিজেদের পরিবারকে বাঁচানোর কারণে তিনি সাধারণ লেখাপড়া শেষ করে একজন গীর্জা স্থপতির শিক্ষানবিশরূপে নিযুক্ত হন। সেখানেও নিজের ক্ষমতা ও দক্ষতার পরিচয় তিনি রেখে গেছেন। এই বৃত্তি তাঁর উপন্যাসের মধ্যে এনেছে স্থাপত্যের কাঠিন্য ও সৌন্দর্য। প্রায় ১৩-১৪ খানি উপন্যাসের মধ্যে হার্ডির জীবন অন্বেষণ এবং আধুনিক দৃষ্টিভঙ্গি প্রবলভাবে প্রকাশিত। তাঁর কালপর্বটিও বিজ্ঞান চেতনায় স্নাত। জীব বিজ্ঞান ও মনোবিজ্ঞানের নতুন নতুন তত্ত্ব ও তথ্য এ যুগে আবিষ্কৃত। এসবের প্রভাব হার্ডির রচনায় প্রত্যক্ষ। ভিক্টোরীয় যুগে যে ছুঁৎমার্গ এবং ভ্রান্ত আদর্শবাদ ও ভণ্ডামির খোলসে ঢাকা মানুষের নীতিবাগীশ মনোভাব হার্ডির মধ্যে ক্রোধ ও বিদ্রোহের পুঞ্জিভূত স্ফুলিঙ্গকে করে দেয় প্রকাশ তার পরিচয় তার উপন্যাসের মধ্যে। ভিক্টোরীয় যুগের ঐশ্বর্যের প্রচণ্ড ছটায় বিশ্বের অনুন্নত এবং উন্নতশীল দেশগুলো প্রায় বিমুগ্ধ ও বিস্মিত, সাম্রাজ্যবাদের আস্ফালন এবং সংখ্যাহীন দুর্গত মানুষের ওপর অত্যাচার—আর তারই

Scanned by CamScanner

পরিণামে অসহায় কান্নাকে দম্ভভরে পদদলিত করে চলেছে এযুগের ভণ্ড ঐশ্বর্য। হার্ডির চোখে এই সত্য ধরা পড়ে। তারই অনিবার্য ফলশ্রুতি তাঁর রচনা, যার মধ্যে ছড়িয়ে আছে বিদ্রোহ, নৈরাশ্য, সমাজ বিগর্হিত কলঙ্কের কাহিনী, নৈরাশ্যবাদ ও অদৃষ্টবাদের চিরকালীন লুকোচুরি খেলার অসহায় কাহিনী।

তাঁর উপন্যাসগুলি আঞ্চলিক অভিধায় চিহ্নিত। যে অঞ্চলে তাঁর জন্ম সেটিই তাঁর উপন্যাসের 'ওয়েসেক্স' অঞ্চল। এই আঞ্চলিকতা তাঁর বর্ণনা ও সমাজ-চিত্রণে স্পষ্ট ও প্রকট। তার প্রথম দিকের উপন্যাসগুলি পল্লী অঞ্চলের কৃষকদের জীবনগাথা। তাঁর উপন্যাসে এগ্‌ডন হীথ নায়ক। এক মহাকাব্যসুলভ বিস্তৃত চালচিত্র তাঁর বিভিন্ন উপন্যাসের অঙ্গ ও আঙ্গিক। তার চরিত্রায়ণে আছে আঞ্চলিক মানুষের আদিম মনোবৃত্তির রূপচিত্রণ। এই একটি জায়গায় হার্ডি অত্যন্ত সহজ ও স্বচ্ছন্দ। কিন্তু যখনই তিনি উচ্চতর সভ্য সমাজের প্রতিবিম্ব তাঁর রচনায় আঁকতে চেয়েছে তা অনেকাংশেই হয়ে উঠেছে নাটকীয়। তার জীবনদৃষ্টির স্বাতন্ত্র্যও ভিন্নতর। এ কারণে তিনি নাগরিক জীবনকে পরিত্যাগ করে 'ওয়েসেক্স'-এর শান্ত জীবনকে তাঁর সাহিত্যে প্রেক্ষাপটরূপে চিত্রিত করেছেন।

অন্যান্য উপন্যাসের মধ্যে ১৮৯১-এ প্রকাশিত 'টেস' এবং ১৮৯৫ এ লেখা তাঁর শেষ উপন্যাস 'জুড'-কে নিয়ে তিনি সমাজের অনুশাসন ভাঙা এবং চোখ ঝলসানো চটকদারি ভিক্টোরীয় ঐশ্বর্যের যে ছবি এঁকেছেন তার মধ্যে যেমন আছে উপন্যাসের আঙ্গিকে স্থাপত্যের কাঠিন্য, তেমনি আছে অদৃষ্টের অদৃশ্য হাতের নিষ্ঠুর খেলা। তাঁর রচনাগুলি পড়লে মনে হয় ওয়েসেক্সের গ্রাম্য জীবনের গ্রিক ট্র্যাজেডির অবিস্মরণীয় অভিনয় এই অঞ্চলের গ্রাম্য জীবনে নির্মমভাবে অনুষ্ঠিত হয়ে চলেছে। তাঁর 'টেস' এবং 'জুড' প্রকাশভঙ্গির অনায়াস নৈপুণ্যে, কাহিনী বর্ণনা এবং চরিত্র চিত্রণে মহিমময় ট্র্যাজেডির পর্যায়ে উন্নীত। তাই ইংরাজি সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ ঐতিহাসিক বলেছেন যে—হার্ডি ছিলেন ইংরাজি উপন্যাসের অন্যতম শ্রেষ্ঠ রূপকার।

Scanned by CamScanner